**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 02.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ টাস্ক ফোর্স সহ বিভিন্ন বিভাগে নিয়মিত নজরদারির জন্য রাজ্যের খোলা বাজারগুলিতে সবজি ও নিত্য প্রয়োজনীয় জিনিশের দাম কমেছে বলে রাজ্য সরকার আজ বিধানসভায় জানিয়েছে। # তবে বিজেপি, এই মূল্যহ্রাসের কথা সঠিক নয় বলে অভিযোগ করে অধিবেশন বয়কট করে।

২/ সাধারণ মানুষের স্বার্থে জীবন ও স্বাস্থ্য বিমার ওপর থেকে GST প্রত্যাহারের দাবী জানিয়ে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে চিঠি দিয়েছেন। এই ইস্যুতে তৃণমূল কংগ্রেস আজ সংসদ ভবন চত্ত্বরে বিক্ষোভ দেখায়।

৩/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড সংলগ্ন এলাকায় একটি নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টি হচ্ছে। # উত্তরবঙ্গের জেলাগুলিতেও একটানা বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত।# ভারী বৃষ্টির পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার জেলা শাসকদের সব ধরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে।

৪/ আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৪-তম জন্মদিনটি, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ উদ্‌যাপিত হচ্ছে।

***********************************************************

টাস্ক ফোর্স, পুলিশ সহ অন্যান্য বিভাগের নিয়মিত নজরদারির জন্যে রাজ্যের বিভিন্ন খোলা বাজারে সবজি সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম সাধারণ মানুষের নাগালের মধ্যে এসেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

আজ বিধানসভায় নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্য বৃদ্ধি নিয়ে বিজেপি পরিষদীয় দলের আনা এক মুলতুবি প্রস্তাবের উপরে আলোচনার জবাবী ভাষণে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের বিষয়টি কেন্দ্রীয় সরকারের অধীনে বলে উল্লেখ করেন। তিনি বলেন, রাজ্য সরকার এই ধরনের সামগ্রী ন্যায্য মূল্যে সাধারণের কাছে পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে। ইতিমধ্যে ৬০০টি সুফল বাংলা স্টল খোলা হয়েছে। কেন্দ্র সরকার পেট্রোপণ্য ও সারের দাম বৃদ্ধি করায় জিনিসপত্রের দাম নাগাল এর বাইরে চলে গিয়েছে বলে তিনি জানান। বিরোধীদের অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রী বলেন-

(বাইট- শোভনদেব )

এর আগে মুলতুবি প্রস্তাবটি পাঠ করে আলোচনার শুরুতে বিজেপি বিধায়ক নরহরি মাহাতো অভিযোগ করেন যে, রাজ্য সরকার বিদ্যুতের দাম বাড়িয়ে সাধারণের উপরে বাড়তি বোঝা চাপিয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার দাবি জানান তিনি। আলোচনা শেষে দাম নিয়ন্ত্রণে সরকার ব্যর্থ বলে অভিযোগ তুলে বিজেপি পরিষদীয় দল অধিবেশন বয়কট করে।

পরে তারা বিধানসভার বাইরে বিক্ষোভে সামিল হন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে তারা আলু নিয়ে বিক্ষোভ দেখান। প্রতীকিভাবে ১০ টাকা কেজি দরে আলু বিক্রি করা হয়। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিধায়ক অগ্নিমিত্রা পাল অভিযোগ করেন, টাস্ক ফোর্সের সদস্যরা আলু সহ বিভিন্ন সবজির দাম নিয়ন্ত্রণে নজরদারি চালাবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন। কিন্তু তা' সত্বেও দাম কমেনি।

(বাইট- অগ্নিমিত্রা)

এই বিক্ষোভ প্রদর্শনের সময় শাসক দলের এক বিধায়কের গাড়ি বিজেপির শিখা চট্টোপাধ্যকে ধাক্কা মারে বলে, ওই দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। মুখ্য সচেতক শঙ্কর ঘোষ এই ঘটনাকে অবাঞ্ছিত এবং শাসক দলের ঔদ্ধত্ত ও ক্ষমাতার প্রদর্শনী হিসেবে অভিহিত করেছেন।

********************

ভূমিধসে বিপর্যস্ত কেরালার ওয়াইনাড়ে এরাজ্যের ২৪২ জন পরিযায়ী শ্রমিকের মধ্যে ১৫৫ জনের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে। তারা সকলেই সুস্থ আছেন বলে শ্রমমন্ত্রী মলয় ঘটক আজ বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে জানান। বাকিদের সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে।

অন্য আরেকটি প্রশ্নের উত্তরে শ্রমমন্ত্রী বলেন, ৩১শে মে পর্যন্ত রাজ্যে 'কর্মসাথী' পোর্টালে নথিভুক্ত পরিযায়ী শ্রমিকের সংখ্যা- ২১ লক্ষ ৫৯ হাজার ৭৩৭। এর মধ্যে সবচেয়ে বেশি পরিযায়ী শ্রমিক কর্মরত মহারাষ্ট্রে। এছাড়া, ভিন রাজ্য থেকে পশ্চিমবঙ্গে এসেও এক কোটি শ্রমিক বিভিন্ন ক্ষেত্রে কাজ করছেন বলে মলয় বাবু জানিয়েছেন।

এদিকে, CPIM দাবী করেছে, ভিনরাজ্যে কর্মরত পরিযায়ী শ্রমিকদের নিয়ে শ্রমমন্ত্রী যে তথ্য দিয়েছেন, তা সঠিক নয়। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, শ্রমমন্ত্রী পরিযায়ী শ্রমিকদের যে সংখ্যার কথা বলছেন, তার থেকে আরো অনেক বেশী শ্রমিক রয়েছেন।

(বাইট- সুজন )

********************

সাধারণ মানুষের স্বার্থে জীবন বীমা ও স্বাস্থ্য বীমার উপর থেকে জিএসটি প্রত্যাহারের দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনকে চিঠি দিয়েছেন। এই দুটি ক্ষেত্রে যে ১৮ শতাংশ জিএসটি নেওয়া হচ্ছে তার ফলে সাধারণ মানুষের উপরে অতিরিক্ত বোঝা চাপছে বলে তিনি চিঠিতে উল্লেখ করেছেন। এই সিদ্ধান্ত জনবিরোধী বলে উল্লেখ করে তিনি

চিঠিতে সরব হয়েছেন। উল্লেখ্য এর আগে মুখ্যমন্ত্রী গতকালই নিজের এক্স হ্যান্ডেলে জি এস টি প্রত্যাহারের দাবি জানিয়ে প্রয়োজনে রাস্তায় নেমে আন্দোলনে নামার হুশিয়ারি দিয়েছিলেন।

চিকিৎসা বিমার ওপর GST ইস্যুতে তৃণমূল কংগ্রেস আজ সংসদ ভবন চত্ত্বরে বিক্ষোভ দেখায়। সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়, মহুয়া মৈত্র, প্রসূন বন্দ্যোপাধ্যায়, ইউসুফ পাঠান প্রমুখ এই জিএসটি প্রত্যাহারের দাবিতে সরব হন। পরে সুদীপ বন্দ্যপাধ্যায় সাংবাদিকদের বলেন, এই জি এস টি জন বিরোধী। তা' প্রত্যাহার করা না হলে মমতা ব্যানার্জির নেতৃত্বে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন।

********************

রেশন দুর্নীতি মামলায় ধৃত দেগঙ্গার তৃণমূল কংগ্রেস নেতা আনিসুর রহমান ও তার দাদা আলিফ নূরকে ১২ই আগস্ট পর্যন্ত ইডি হেফাজতে পাঠানো হয়েছে। এদের আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়।

১৪ ঘন্টার বেশী জেরা করার পর গতকাল গভীর রাতে আনিসুর ও আলিফকে গ্রেপ্তার করে ইডি। আদালতে তোলার আগে তাদের জোকা ESI-তে স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ঘনিষ্ঠ আব্দুল বারিক বিশ্বাস এবং আনিসুর ও আলিফের বাড়ি, চালকল সহ ১০ টি জায়গায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা মঙ্গলবার দীর্ঘক্ষণ তল্লাশি চালায়। বাজেয়াপ্ত করা হয় প্রায় ৪৫ লক্ষ টাকা, বেশ কিছু নথিপত্র, মোবাইল ইত্যাদি।

********************

আনন্দপুর থানা এলাকার ই এম বাইপাস লাগোয়া একটি পানশালায় দুষ্কৃতী তান্ডবের ঘটনায় ধৃত তিনজন অজিত দাস, কৃষ্ণ মন্ডল ও সুশান্ত নস্করকে আজ আলিপুর আদালতে তোলা হয়। তাদের এমাসের ৬'তারিখ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

এদের মধ্যে কৃষ্ণ ও সুশান্তকে পুলিশ সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে আজ ভোরে গ্রেপ্তার করে। অজিতকে ধরা হয় গতকাল।

এই নিয়ে এই ঘটনায় ৭ জন গ্রেপ্তার হল। আগে ধৃত দীপঙ্কর দাস, নগেরন্দ্র প্রসাদ, সঞ্জয় দাস ও বিশ্বজিত মন্ডল'ও বর্তমানে পুলিশ হেফাজতে।

********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে আজ সকালে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও ঝাড়খন্ড সংলগ্ন এলাকায় একটি নিম্নচাপ তৈরী হয়েছে। এটি ক্রমশঃ পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আগামী ২৪ ঘন্টায় গভীর নিম্নচাপে পরিণত হবে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। অন্যদিকে, মৌসুমী অক্ষরেখা রাজস্থানের বিকানির থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ সাগরদ্বীপের ওপর দিয়ে উত্তর–পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত প্রসারিত। একইসঙ্গে উত্তর রাজস্থান থেকে দক্ষিণ আসাম পর্যন্ত আরো একটি অক্ষরেখা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, পার্শ্ববর্তী ঝাড়খন্ড ও হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গের ওপর দিয়ে যাচ্ছে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বিশেষভাবে সক্রিয়। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও পুরুলিয়া জেলায় আজ ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা এবং বাঁকুড়া, পূর্ব বর্ধমান, হুগলী, নদীয়া এবং দুই ২৪ পরগণায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টা সাগরে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও মঙ্গলবার পর্যন্ত মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। আগামীকাল ও রবিবার দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি,

আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি থাকছে। তবে, সোম ও মঙ্গলবার বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়তে পারে।

একটানা বৃষ্টিতে পাহাড়ের জনজীবন বিপর্যস্ত। টানা বৃষ্টিতে তিস্তা, জলঢাকা, সঙ্কোশ ও তোর্সা নদীতে জলস্ফীতি দেখা দিয়েছে। শিলিগুড়ি ও জলপাইগুড়ির অনেক জায়গাই এর ফলে জলমগ্ন। দেখা দিয়েছে বন্যার মতো পরিস্থিতি। শিলিগুড়ি থেকে গ্যাংটক সংযোগকারী ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ। লাভা অথবা দার্জিলিং রুটে গাড়িগুলিকে ঘুরিয়ে দেওয়া হচ্ছে। তিস্তা বাজারের কাছে রবিখোলায় ধস নামায় স্বাভাবিক জনজীবন ব্যহত।

দার্জিলিং-এর পাহাড়ী এলাকায় অনেক জায়গাই গতকাল থেকে নিষ্প্রদীপ। ব্যহত ইন্টারনেট পরিষেবা'ও।

********************

নিম্নচাপের জেরে আগামী রবিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় সাধারণের নিরাপত্তায় রাজ্য সরকার জেলাশাসকদের সব ধরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। জমা জল সরাতে পাম্প ব্যবহার করার পাশাপাশি কোথাও যেন বিদ্যুতের তার জলের মধ্যে পড়ে না থাকে তার প্রতি নজর দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। দুর্বল নদী বাঁধের উপরেও নজর দেওয়ার কথা বলা হয়েছে। পর্যাপ্ত ত্রাণ মজুত রাখার পাশাপাশি বিপদজনক এলাকায় বসবাসকারী মানুষদের প্রয়োজনে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

********************

মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে অবৈধ হকারদের ধাপে ধাপে তুলে দেওয়ার কথা বলার পর ব্যারাকপুর পুরসভা, বি টি রোডের দুই ধারে অসংখ্যা জবরদখল দোকান ভাঙতে উদ্যোগী হয়েছে। উপ পৌর প্রধান সুপ্রভাত ঘোষ ও পৌরসভার আধিকারিকরা আজ সকাল থেকে উচ্ছেদ

অভিযান চালাচ্ছেন। বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হয়েছে একাধিক অস্থায়ী দোকান ও ট্যাক্সি ইউনিয়নের অফিস। পুরসভা অবৈধ দোকানগুলিকে সরে যাওয়ার জন্য নির্দিষ্ট সময় দিলেও বহু দোকান এখনও অবৈধভাবে সেখানে রয়েছে।

********************

আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৪-তম জন্মদিনটি, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ উদ্‌যাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে কলকাতার রামমোহন লাইব্রেরী ও ফ্রি রিডিং রুমের উদ্যোগে সন্ধ্যায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ‘এদেশের রসায়ন বিজ্ঞান চর্চায় প্রফুল্ল চন্দ্র রায়’- এ বিষয়ে আলোচনা করেন দেব শঙ্কর রায় ও অধ্যাপক আশিস লাহিড়ী। অনুষ্ঠানে ১৯৩২ সালে প্রকাশিত ‘আচার্য রায় কম-মেমোরেশন ভলিউম’ বইটির পুনর্মুদ্রিত সংস্করণ প্রকাশিত হয়।

************************************************************